PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–303

(বিশ শতকের বাংলা কথাসাহিত্য—২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'জাগরী' উপন্যাসে কোন্ কারাগারের কথা পাওয়া যায়? এই কারাগারের ডাক্তারবাবুর নাম কী? ''রাজনীতির চেয়ে জীবন বড়ো, মতবাদের চেয়ে মানবিকতা বড়ো, পার্টির চেয়ে মানুষ বড়ো—এই উপলব্ধি শিল্পরূপ পেয়েছে 'জাগরী'তে।'' পর্যালোচনা করো। ১+১+১২=১৪

২। 'অন্তঃশীলা' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? 'LA DUREE' কথার অর্থ কী? ''ধূর্জটিপ্রসাদের নায়ক-কল্পনায় আত্মরতির প্রশ্রয় নেই।'' 'অন্তঃশীলা' প্রসঙ্গে বিষয়টি আলোচনা করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের পিতার নাম উল্লেখ করো। 'পথের পাঁচালী' উপন্যাসে নিশ্চিন্দিপুর গ্রামের কোন্ প্রান্তে হরিহর রায়ের কোঠাবাড়ি ছিল? '' 'পথের পাঁচালী' উপন্যাসের নায়ক হয়ত অপু, কিন্তু এক অতিনায়কও এখানে প্রবলভাবে উপস্থিত। সেই অতিনায়ক হচ্ছে চিরসঞ্চরণশীল জীবন প্রবাহ।'' উক্তিটি বিশদভাবে আলোচনা করো। ১+১+১২=১৪

৪। 'বঙ্গশ্রী' পত্রিকায় 'ধাত্রীদেবতা' কী নামে প্রকাশিত হয়েছিল? উপন্যাসে রামরতনবাবু কে ছিলেন? 'ধাত্রীদেবতা' উপন্যাস অবলম্বনে শিবনাথের স্বদেশভাবনার স্বরূপ বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। বনফুলের প্রথম প্রকাশিত উপন্যাসের নাম কী? 'ডানা' উপন্যাস প্রথম কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়? 'ডানা' উপন্যাসে সন্ন্যাসীর ভূমিকা পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৬। 'ডানা' উপন্যাসে অমরেশের স্ত্রীর নাম কী? 'Indian Cuckoo' নামক পাখির বাংলা নাম কী? 'ডানা' উপন্যাসের নামকরণ কতটুকু সার্থক হয়েছে তা বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। মানিক বন্দ্যোপাধ্যায়—এই নামটি প্রথম তাঁর কোন্ গল্পে পিতৃদত্ত নামের বদলে ব্যবহৃত হয়েছিল? 'হারানের নাতজামাই' গল্পটি কোন্ আন্দোলনের প্রেক্ষাপটে রচিত? ''জীবনযন্ত্রণার গভীরতর উপলব্ধি, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদের প্রবণতা এবং সমাজের নিম্নস্তরের মানুষের মধ্যে সত্য-প্রতীতির বোধই মানিকের 'উত্তরকালের গল্প সংগ্রহ'-এর মূল বিষয়।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৮। কমলকুমার মজুমদার রচিত প্রথম গল্প এবং প্রথম গল্পগ্রন্থের নাম লেখো। ''কমলকুমারের গল্পের অভিনবত্ব শুধু বিচিত্র অন্বয়ের ভাষিক উপস্থাপনাতেই নয়, 'কথার ইশারা'য় মানব-অস্তিত্বের উন্মোচনেও।'' পর্যালোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। সাধন চট্টোপাধ্যায় রচিত প্রথম গল্পের নাম কী? তাঁর 'শ্রেষ্ঠ গল্প' গ্রন্থে মোট কটি গল্প আছে? ''পণ্যসর্বস্ব ভোগবাদমুগ্ধ কালপর্বে সাধন চট্টোপাধ্যায় গল্পকে ব্যবহার করেন আঁধার-মহিষকে ছিন্নভিন্ন করার কৃপাণ হিসাবে।'' তোমার পঠিত গল্প অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

১০। 'কক্ষপথ' গল্প সংকলনটিতে মোট কয়টি গল্প আছে? 'সময়' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? ''মিথিলেশ ভট্টাচার্যের গল্পের চরিত্ররা তাদের প্রতিদিনের জীবনাচরণে, উপলব্ধির মাত্রান্তরে স্থায়ী ছাপ রেখে যায় গল্পকারের চেতনায় ও তাঁর রচনায়।'' গল্প অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

★★★